



বার কাউন্সিলের এমসিকিউ পরীক্ষায় উত্তীর্ণ জাইমা রহমান



জাইমা রহমান। ছবি: সংগৃহীত

বাংলাদেশ বার কাউন্সিল আইনজীবী তালিকাভুক্তির প্রথম ধাপের এমসিকিউ পরীক্ষার ফল প্রকাশ করেছে। এতে মোট ৯ হাজার ২০১ জন পরীক্ষার্থী উত্তীর্ণ হয়েছেন। শুক্রবার (১২ জুন) দিবাগত রাতে বার কাউন্সিলের ওয়েবসাইটে ফলাফল প্রকাশ করা হয়। উত্তীর্ণদের মধ্যে প্রধানমন্ত্রী তারেক রহমানের কন্যা জাইমা রহমানও রয়েছেন। নিজের ভেরিফায়েড ফেসবুক অ্যাকাউন্টে জাইমা রহমান জানান, তিনি বাংলাদেশে আইন পেশায় যুক্ত হওয়ার লক্ষ্যে বার কাউন্সিলের এমসিকিউ পরীক্ষায় অংশ নিয়েছিলেন এবং আল্লাহর রহমতে প্রথম ধাপে সফল হয়েছেন।

বার কাউন্সিল সূত্রে জানা গেছে, এবার এমসিকিউ পরীক্ষায় অংশগ্রহণের জন্য আবেদন করেছিলেন ৩৭ হাজার ৮০ জন। শুক্রবার সকালে ১০০ নম্বরের এ পরীক্ষা অনুষ্ঠিত হয়। জাইমা রহমান রাজধানীর বিএএফ শাহীন কলেজ কেন্দ্রে পরীক্ষায় অংশ নেন।

আইনজীবী হিসেবে তালিকাভুক্ত হওয়ার জন্য প্রার্থীদের এমসিকিউ, লিখিত ও মৌখিক—এই তিন ধাপের পরীক্ষা পাস করতে হয়। সব ধাপ সফলভাবে সম্পন্ন করলে তারা দেশের অধস্তন আদালত ও বিভিন্ন ট্রাইব্যুনালে আইন পেশায় কাজ করার অনুমোদন পাবেন।

বার কাউন্সিলের এনরোলমেন্ট কমিটি এ সংক্রান্ত পরীক্ষা ও মূল্যায়ন কার্যক্রম তদারকি করে থাকে।